

আর্থিক অন্তর্ভুক্তির আওতায় খোলা বিশেষ হিসাবসমূহের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন  
(জুন, ২০১৫ ভিত্তিক)

১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় খোলা ব্যাংক হিসাব,  
স্কুল ব্যাংকিং হিসাব এবং পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাব।



ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় খোলা ব্যাংক হিসাবের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন।  
(৩০ জুন ২০১৫ ভিত্তিক)

সমাজের সুবিধা বঞ্চিত এবং আর্থিক সেবা বহির্ভূত (Financial Excluded) জনগোষ্ঠীকে ব্যাংকিং সেবার আওতায় নিয়ে আসার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক, চলমান আর্থিক অন্তর্ভুক্তি (Financial Inclusion) কার্যক্রমের আওতায় সময় সময় বিভিন্ন সার্কুলার/সার্কুলার লেটারের মাধ্যমে কৃষক, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর ভাতাভোগী, মুক্তিযোদ্ধা, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, অতি দরিদ্র উপকারভোগী, অতি-দরিদ্র মহিলা উপকারভোগী, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গ, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, চামড়া ও পাদুকা শিল্পজাত কারখানায় কর্মরত শ্রমিক, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দুঃস্থ পুনর্বাসনের অনুদানপ্রাপ্ত ব্যক্তিবর্গ, স্কুলের শিক্ষার্থী, কর্মজীবী পথশিশু-কিশোর, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট হতে অনুদানপ্রাপ্ত দুঃস্থ ব্যক্তি, আইলা দুর্গত ব্যক্তি, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধীদের জন্য ন্যূনতম ১০ টাকা, ৫০ টাকা এবং ১০০ টাকা জমাকরণের মাধ্যমে তফসিলী ব্যাংকসমূহের সহযোগিতায় ব্যাংক হিসাব খোলার বিশেষ কার্যক্রম গ্রহণ করেছে। এসকল হিসাব হতে গ্রাহক পর্যায়ে ব্যাংককে কোন চার্জ/ফি প্রদান করতে হয় না। ন্যূনতম KYC (Know Your Customer) প্রক্রিয়াসম্পন্ন করার মাধ্যমে এসকল হিসাব খোলার কার্যক্রম সম্পন্ন করা হয়।

ব্যাংকগুলো কর্তৃক বাংলাদেশ ব্যাংক প্রেরিত বিবরণীতে অভিন্নতা বজায় রাখা, আর্থিক অন্তর্ভুক্তির সামগ্রিক চিত্র পর্যালোচনা করা এবং নির্ভুল তথ্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ০৯ এপ্রিল ২০১৫ তারিখে জারিকৃত জিবিএসআরডি সার্কুলার নং-৩ অনুযায়ী সংযোজিত ফরমে আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় খোলা ব্যাংক হিসাবের বিবরণীসমূহ সমন্বিত আকারে “আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় ১০, ৫০ ও ১০০ টাকার ব্যাংক হিসাবের অগ্রগতি বিবরণী” শিরোনামে ত্রৈমাসিক ভিত্তিতে অত্র বিভাগে প্রেরণের জন্য ব্যাংকগুলোকে নির্দেশনা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে ব্যাংকসমূহ কর্তৃক প্রেরিত তথ্যের আলোকে বিভিন্ন শ্রেণীর হিসাবসমূহের হালনাগাদ তথ্য পর্যালোচনা নিম্নে তুলে ধরা হলোঃ

কৃষকসহ অন্যান্য ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকার হিসাবের তথ্যঃ

আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচীর আওতায় ব্যাংকসমূহে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কর্তৃক বিভিন্ন খাতে সর্বমোট ১,৫৩,১৬,৮৫৮ টি বিশেষ শ্রেণিভুক্ত ব্যাংক হিসাব খোলা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উপস্থাপিত হলোঃ


(কোটি টাকায়)

হিসাব খোলার খাত	খাতওয়ারি মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা	খাতওয়ারি মোট পুঞ্জীভূত জমার পরিমাণ (কোটি টাকায়)	সরকারী ভর্তুকী/বেতন জমার কাজে ব্যবহৃত হিসাব		১০ টাকার হিসাবে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুনঃ অর্থায়নকৃত ঋণ/অন্যান্য ঋণ		বৈদেশিক রেমিটেন্স জমা	
			হিসাব সংখ্যা	পুঞ্জীভূত জমার মোট পরিমাণ	হিসাব সংখ্যা	ঋণ বিতরণের পরিমাণ	হিসাব সংখ্যা	রেমিটেন্সের পরিমাণ
কৃষক	৮,৫৯০,৮৭৬	১৭১.৯০	২,৫৬৬,৭৭২	৩৮.৪৫	৪০,১২০	১৬.০৪	১৪,৬৯১	৩০.১৩
অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি	১,৯০৫,৬২৩	১৮৯.৩৯	৫৫৩,৪৯৬	১২২.৬৬	২৬৮	০.৮০	১,১১০	০.৬২
মুক্তিযোদ্ধা	১৫৯,৭৪৭	৩০.০১	৭৯,১৪৯	১০.৯৩	৬৪	০.২০	৫৯	০.৫৩
সামাজিক নিরাপত্তা কর্মসূচী	৩,৫২৭,৮০৯	২১০.৫০	১,১২৯,৬৭৪	২৫৪.০১	৮৫৮	০.৮০	২,১১৬	০.৭১
ফুড ও লাইভলিহুড সিকিউরিটি প্রকল্প	১৬,৪০৩	০.৭৭৯	৪২৮	০.১০	২৩	০.০৭	০	০.০০
ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের কর্মসূচীর উপকারভোগী	২৮,৬০৯	০.১৬	০	০.০০	০	০.০০	০	০.০০
ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক	৯,৭১২	০.২৩	০	০.০০	০	০.০০	০	০.০০
তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক	১৯৯,৮০৭	১২১.৭৩	২২	০.০০	০	০.০০	০	০.০০
লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল প্রকল্পভুক্ত কারিগর	৩,৮৪০	১.৪৩	০	০.০০	০	০.০০	০	০.০০
ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী	১৫,৭৮১	৬.৩৪	১২,৯৬৩	৮৭.১২	০	০.০০	০	০.০০
ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা	৩৭,৮০৮	৭.৯০	২,৯৯৪	১.১০	০	০.০০	০	০.০০
দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা	৮৩,৮৯৭	৫.২১	৪০,০০৫	৩.৪০	০.০০	০.০০	৩০	০.০২
অন্যান্য	৭৩৬,৯৪৬	৫১.৭২	৮৩,৭৫১	১.৭৭	৩০৩	১.৩৩	৭	০.০০২২
সর্বমোট	১৫,৩১৬,৮৫৮	৭৯৭.৩০	৪৪,৬৯,২৫৪	৫১৯.৫৪	৪১,৬৩৬	১৯.২৪	১৮,০১৩	৩২.০১

ছক-১৪ ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত বিভিন্ন খাতে খোলা ব্যাংক হিসাবের তথ্য।

## ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

খাতের নাম	পুঞ্জীভূত হিসাব সংখ্যা
কৃষক	৮,৫৯০,৮৭৬
সামাজিক নিরাপত্তা কর্মসূচী	৩,৫২৭,৮০৯
অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী	১,৯০৫,৬২৩
মুক্তিযোদ্ধা	১৫৯,৭৪৭
*অন্যান্য	১১৩২,৮০৩



**ছক-২ঃ** ব্যাংকসমূহে কৃষকের হিসাবসহ ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় টাকায় বিভিন্ন খাতওয়ারি ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত খোলা ব্যাংক হিসাবের তুলনামূলক তথ্য।

\*অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী, ফুড ও লাইভলিহুড সিকিউরিটি প্রকল্প, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের কর্মসূচীর উপকারভোগী, ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিচ্ছন্ন শ্রমিক, তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক, লেদার সেন্টার বিজনেস প্রমোশন কাউন্সিল প্রকল্পভুক্ত কারিগর, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা ইত্যাদি।

### কৃষকদের ১০ (দশ) টাকার হিসাব


ছক-১ এর তথ্য অনুযায়ী, আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচীতে ব্যাংক হিসাব খোলা কার্যক্রমের সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ হচ্ছে কৃষকদের অন্তর্ভুক্তি। ৩০ জুন ২০১৫ পর্যন্ত বিভিন্ন খাতে খোলা বিশেষ হিসাবসমূহের মধ্যে মোট ৫৬.০৯% হিসাব কৃষকদের। এসব হিসাবে মোট পুঞ্জীভূত জমার পরিমাণ ১৭১.৯০ কোটি টাকা। কৃষি কর্মকাণ্ডে সরকারী সহায়তার অংশ হিসেবে সরকার প্রদত্ত বিভিন্ন ভর্তুকী প্রদানসহ অন্যান্য ব্যাংকিং সেবা প্রদানের উদ্দেশ্যে কৃষকদের হিসাব খোলা হয়। সরকারী ভর্তুকী প্রাপ্ত এমন হিসাব সংখ্যা ২৫,৬৬,৭৭২টি এবং এসব হিসাবে জমার পরিমাণ ৩৮.৪৫ কোটি টাকা। অন্যদিকে, ১০ টাকার কৃষকের হিসাবের মধ্যে ৪০,১২০টি হিসাবের মাধ্যমে উপকারভোগীদের মাঝে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুনঃঅর্থায়নকৃত ঋণ/অন্যান্য ঋণ বিতরণ করা হয়েছে যার পরিমাণ ১৬.০৮ কোটি টাকা।

অক্টোবর ২০১৪ হতে জুন ২০১৫ পর্যন্ত পরপর তিন ত্রৈমাসিকে কৃষকের হিসাবের তুলনামূলক তথ্য নিম্নরূপঃ

অক্টোবর - ডিসেম্বর ২০১৪ পর্যন্ত পুঞ্জীভূত মোট হিসাব সংখ্যা	জানুয়ারি - মার্চ ২০১৫ পর্যন্ত পুঞ্জীভূত মোট হিসাব সংখ্যা	এপ্রিল-জুন ২০১৫ পর্যন্ত পুঞ্জীভূত মোট হিসাব সংখ্যা
৯৭,২৬,৬৪৫	১,০৩,৭৪,৫৯৩	৮৫,৯০,৮৭৬

**ছক-৩ঃ** ১০ টাকায় কৃষকের হিসাব খোলার তিন ত্রৈমাসিকের তুলনামূলক তথ্য।

**চিত্রঃ ২-** ডিসেম্বর ২০১৪, মার্চ ২০১৫ ও জুন ২০১৫ ত্রৈমাসিকে কৃষকের ১০ (দশ) টাকার হিসাব খোলার অগ্রগতির চিত্র।



ছক-৩ এর তথ্য অনুসারে কৃষকদের ১০ টাকায় খোলা হিসাব কার্যক্রমে ৩১ ডিসেম্বর ২০১৪ পর্যন্ত ০৮টি রাষ্ট্রীয় মালিকানাধীন ও বিশেষায়িত ব্যাংকে মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা ছিল প্রায় ৯৭,২৬,৬৪৫ টি এবং মার্চ ৩১, ২০১৫ তারিখ পর্যন্ত বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১,০৩,৭৪,৫৯৩ টি (এক কোটি তিন লক্ষ চুয়ান্ন হাজার পাঁচশত তিরানব্বই)। অন্যদিকে ৩০ জুন ২০১৫ ত্রৈমাসিকে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক হতে কৃষকের ১০ টাকার হিসাবের তথ্য সংগ্রহ করে দেখা যায় যে, এ সংখ্যা ৮৫,৯০,৮৭৬ টি।

## ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

এখানে উল্লেখ্য, ব্যাংকসমূহ হতে ডিসেম্বর ২০১৪ পর্যন্ত মাসিক ভিত্তিতে এসকল তথ্য সংগ্রহ করা হতো। পরবর্তীতে ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য প্রেরণের নির্দেশনা দেয়া হয়। তফসিলি ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ত্রৈমাসিক বিবরণীতে বিভিন্ন খাতে খোলা হিসাব সংখ্যা ও এর বিপরীতে মোট পুঞ্জীভূত জমা এবং ঋণ বিতরণের পরিমাণে বিভিন্ন রকম অসামঞ্জস্যতা পরিলক্ষিত হয়। তথ্যের সঠিকতা বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট সরকারী মালিকানাধীন ও বিশেষায়িত ব্যাংকের কর্মকর্তাদের মধ্যে ১০ সেপ্টেম্বর ২০১৫ একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ব্যাংকসমূহকে পুনরায় সংশোধিত তথ্য প্রেরণের নির্দেশনা দেয়ার প্রেক্ষিতে ব্যাংকসমূহ সংশোধিত তথ্য প্রেরণ করে। সংশোধিত তথ্যে জুন ২০১৫ ত্রৈমাসিক রিপোর্ট প্রস্তুতকরণের ফলে যে চিত্র পাওয়া যায় সে মোতাবেক ছক ও চিত্র উপস্থাপন করা হয়েছে। এ কারণে, মার্চ ২০১৫ ত্রৈমাসিক রিপোর্ট এ প্রকাশিত খাতের তুলনায় বেশ কিছু খাতের হিসাব সংখ্যা ও মোট পুঞ্জীভূত জমার পরিমাণ বর্তমান জুন ২০১৫ রিপোর্টে আপাতদৃষ্টিতে ক্রমহ্রাসমান বলে পরিলক্ষিত হয়।


### ১০ (দশ) টাকার কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য হিসাব

আর্থিক অন্তর্ভুক্তি কর্মসূচীর আওতায় কৃষকের খোলা ব্যাংক হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন শ্রেণির হিসাব মোট হিসাবের ৪৩.৯১% (চিত্র ১ অনুযায়ী)। সরকারী বিভিন্ন কর্মসূচীর আওতায় বিভিন্ন ভাতা ও বেতন প্রদান ছাড়াও বিভিন্ন আর্থিক সেবার আওতায় তাদের নিয়ে আসার জন্য এসকল হিসাব খোলা হয়েছে। ছক-১ এর তথ্য অনুযায়ী ব্যাংকসমূহে ৩০ জুন ২০১৫ পর্যন্ত কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন খাতে খোলা মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা ৬৭,২৫,৯৮২ টি। এর মধ্যে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত (০৮টি ব্যাংক) ব্যাংকসমূহে ৩০ জুন ২০১৫ পর্যন্ত কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য বিভিন্ন খাতে সর্বমোট ৬৫,৩৭,৮৪৬ টি ব্যাংক হিসাব খোলা হয়েছে যার বিস্তারিত বিবরণ নিম্নে উপস্থাপিত হলো:

ব্যাংকের নাম	মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা (৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত)				
	সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী	মুক্তিযোদ্ধা	অন্যান্য ১০/- টাকার হিসাব*	মোট
সোনালী ব্যাংক লিঃ	১,৪৪৭,২৬৫	৩৮০,২৩৯	১৪৮,৬৭০	১১৫,৭০৪	২,০৯১,৮৭৮
জনতা ব্যাংক লিঃ	৫৯৫,২৪৯	৩১১,৫৯১	১,৫২৭	৪৩,৮৯২	৯৫২,২৫৯
অগ্রনী ব্যাংক লিঃ	৬৭৩,১৬০	৩৩৮,৪২৯	৫,৬২২	৬৮৪০৯০	১,৭০১,৩০১
রূপালী ব্যাংক লিঃ	৯,৭১৫	১২৯৪৬৭	৮৪২	৪৪,৬২৮	১৮৪,৬৫২
বাংলাদেশ কৃষি ব্যাংক	৫৩৬,১৮৩	৪৭৭,৯৫০	২৫৭২	৩৯,৮০১	১,০৫৬,৫০৬
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	০	০	১	৩১	৩২
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	২৬৬,২১৭	২৫৭২৩২	৭৬	২৬,১০৪	৫৪৯,৬২৯
বেসিক ব্যাংক লিঃ	০	১২	৬০	১৫১৭	১,৫৮৯
মোট	৩৫,২৭,৭৮৯	১৮,৯৪,৯২০	১,৫৯,৩৭০	৯,৫৫,৭৬৭	৬৫,৩৭,৮৪৬

ছক-৪ : ১০ টাকা, ৫০ টাকা ও ১০০ টাকায় টাকায় ৩০ জুন ২০১৫ ত্রৈমাসিকে ০৮টি ব্যাংকে খোলা মোট ব্যাংক হিসাব।

ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট



বিশ্লেষণঃ ছক-৪ এর তথ্য অনুসারে সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত উক্ত ৮ টি ব্যাংকের মধ্যে ২০১৫ সালের জুন মাস পর্যন্ত ১০ টাকা (কৃষকের হিসাব ব্যতীত), ৫০ টাকা ও ১০০ টাকায় খোলা মোট পুঞ্জীভূত হিসাবের ক্ষেত্রে শীর্ষে রয়েছে সোনালী ব্যাংক লিঃ (২০,৯১,৮৭৮টি হিসাব)। এছাড়া উক্ত ব্যাংকে সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী হিসাব খাতে সর্বোচ্চ ১৪,৪৭,২৬৫টি হিসাব খোলা হয়েছে। আলোচ্য ত্রৈমাসিকে অগ্রনী ব্যাংক কৃষকের ১০ টাকার হিসাব ব্যতীত সকল শ্রেণীর ১০/ ৫০/ ১০০ টাকায় মোট ১৭,০১,৩০১টি হিসাব খুলে দ্বিতীয় অবস্থানে রয়েছে। উল্লেখ্য, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ এবং বেসিক ব্যাংক লিঃ এর হিসাব সংখ্যা অন্যান্য ব্যাংকের তুলনায় সর্বনিম্ন।


সরকারী মালিকানাধীন বাণিজ্যিক ও বিশেষায়িত ব্যাংকসমূহে তিন ত্রৈমাসিকে কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য হিসাবের তুলনামূলক তথ্য নিম্নরূপঃ

ব্যাংকের নাম	ডিসেম্বর ২০১৪ মাস পর্যন্ত পুঞ্জীভূত হিসাব সংখ্যা	মার্চ ২০১৫ মাস পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা	জুন ২০১৫ মাস পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা
সোনালী ব্যাংক লিঃ	২১,৩৯,০৮৩	২৩,৮৩,৭৬৪	২০,৯১,৮৭৮
জনতা ব্যাংক লিঃ	৫,০৬,৭৪০	৭,৯৮,৮৫০	৯,৫২,২৫৯
অগ্রনী ব্যাংক লিঃ	১১,৩২,৮৮৯	১২,৪১,৪৯৬	১৭,০১,৩০১
রূপালী ব্যাংক লিঃ	১,৫৭,১১০	১,৫৭,৮১৩	১,৮৪,৬৫২
বাংলাদেশ কৃষি ব্যাংক	৯,২০,৮৯৬	৯,২৩,৪০৯	১০,৫৬,৫০৬
বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিঃ	১৪	১৪	৩২
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৩,৭৭,৫১৪	৩,৭৭,৫১৪	৫,৪৯,৬২৯
বেসিক ব্যাংক লিঃ	৩২	৪১৫	১,৫৮৯
<b>মোট</b>	<b>৫২,৩৪,২৭৮</b>	<b>৫৮,৮৩,২৭৫</b>	<b>৬৫,৩৭,৮৪৬</b>

ছক- ৫ঃ ১০ টাকায় খোলা কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য হিসাবের তিন ত্রৈমাসিকের তথ্য।

## ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

চিত্রঃ ৪- ডিসেম্বর ২০১৪, মার্চ ২০১৫ ও জুন ২০১৫ ত্রৈমাসে কৃষকের হিসাব ব্যতীত অন্যান্য ১০, ৫০ ও ১০০ টাকার হিসাব খোলার অগ্রগতির চিত্র।



### সার্বিক পর্যালোচনাঃ

খাতের নাম	মার্চ' ২০১৫ পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা	জুন' ২০১৫ পর্যন্ত মোট পুঞ্জীভূত হিসাব সংখ্যা
১	২	৩
কৃষক	১,০৩,৭৪,৫৯৩	৮৫,৯০,৮৭৬
সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী	৩৬,৭১,০৬০	৩৫,২৭,৮০৯
মুক্তিযোদ্ধা	১,৬০,৭৯৬	১,৫৯,৭৪৭
অন্যান্য হিসাব	২২,৩৮,২৯২	৩০,৩৮,৪২৬
মোট	১,৬৪,৪৪,৭৪১	১,৫৩,১৬,৮৫৮

ছক-৫ঃ ব্যাংকসমূহে কৃষকের ১০ টাকার হিসাবসহ খোলা অন্যান্য ১০ ,৫০ ও ১০০ টাকার হিসাবের ত্রৈমাসিক অগ্রগতির তুলনামূলক তথ্য।

বাংলাদেশ ব্যাংক হতে ০৯ এপ্রিল ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-৩ মোতাবেক ব্যাংকসমূহ হতে ৩০ জুন ২০১৫ পর্যন্ত প্রাপ্ত তথ্য অনুযায়ী বিশেষভাবে লক্ষণীয় বিষয়সমূহ নিম্নরূপ :

- জুন, ২০১৫ পর্যন্ত বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকসমূহে আর্থিক অন্তর্ভুক্তি খাতে মোট পুঞ্জীভূত হিসাব খোলা হয়েছে ১,৫৩,১৬,৮৫৮ টি। এর মধ্যে কৃষকের খোলা হিসাব সংখ্যা ৮৫,৯০,৮৭৬ টি। যা মোট হিসাবের ৫৬.০৯%।
- বর্ণিত তথ্যানুযায়ী মোট পুঞ্জীভূত হিসাবের ৫৬.০৯% কৃষকের হিসাব যা অবশিষ্ট খাতওয়ারি হিসাব সংখ্যার মধ্যে সর্বোচ্চ। সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগীর হিসাব ২৩.০৩%, অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি ১২.৪৪% এবং অন্যান্য সকল ১০ , ৫০ ও ১০০ টাকায় খোলা হিসাব ৮.৪৪%।
- ছক-১ এ বর্ণিত খাতওয়ারি হিসাবগুলোতে জমার পরিমাণ মোট ৭৯৭.৩০ কোটি টাকা।
- সরকারী সহায়তার অংশ হিসেবে এবং দরিদ্র জনগোষ্ঠীর ব্যাংকিং সেবা প্রদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক বিভিন্ন প্রকল্পভিত্তিক কর্মকাণ্ডে ভর্তুকী/অর্থ সহায়তা প্রদান করা হচ্ছে। সরকারী এসব ভর্তুকী/ অর্থসহায়তা প্রাপ্ত হিসাবের মোট সংখ্যা ৪৪,৬৯,২৫৪ টি এবং এসব হিসাবে জমার মোট পরিমাণ ৫১৯.৫৪ কোটি টাকা।
- ১০ টাকার হিসাবসমূহের মধ্যে ৪১৬৩৬ টি হিসাবে বিভিন্ন খাতে উক্ত হিসাবধারীদের অনুকূলে ঋণ বিতরণ করা হয়েছে। এর মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল হতে ২০০ কোটি টাকার পুনঃঅর্থায়নকৃত ঋণ এবং অন্যান্য ঋণ উল্লেখযোগ্য। এ খাতে বিতরণকৃত ঋণের পরিমাণ ১৯.২৪ কোটি টাকা।
- জুন ২০১৫ ত্রৈমাসিকে ১৮০১৩ টি হিসাবে বৈদেশিক রেমিটেন্স জমা হয়েছে এবং এসব হিসাবে জমার পরিমাণ প্রায় ৩২.০১ কোটি টাকা।

**স্কুল ব্যাংকিং হিসাবের ৩০ জুন ২০১৫ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন।**

বাংলাদেশ ব্যাংকের চলমান আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের অন্যতম একটি পদক্ষেপ হল স্কুল ব্যাংকিং কার্যক্রম। স্কুলগামী ছাত্র/ছাত্রীদেরকে ব্যাংকিং সেবা ও আধুনিক প্রযুক্তির সাথে পরিচিত করার পাশাপাশি সঞ্চয়ের অভ্যাস গড়ে তোলা এবং অর্থনৈতিক কর্মকাণ্ডে কোমলমতি ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের মাধ্যমে তাদেরকে দেশের আর্থিক খাতে সেবাভুক্ত করাই স্কুল ব্যাংকিং এর উদ্দেশ্য। এ লক্ষ্যে, বাংলাদেশ ব্যাংক হতে বিশেষ গুরুত্বের সাথে স্কুল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ করার জন্য ০২ নভেম্বর ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ এর মাধ্যমে সকল তফসিলী ব্যাংক কে পরামর্শ প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের নির্দেশনার আলোকে ব্যাংকগুলো ন্যূনতম ১০০ টাকা জমা গ্রহণের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের জন্য আকর্ষণীয় মুনাফাসহ বিভিন্ন স্কীমে স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। জিবিসিএসআরডি সার্কুলার নং-০৭ তারিখঃ ২৮ অক্টোবর ২০১৩ এর মাধ্যমে ব্যাংকগুলোকে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি প্রতি ত্রৈমাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ০৯ এপ্রিল ২০১৫ তারিখে জারিকৃত জিবিসিএসআরডি সার্কুলার নং-৩ এ সংযোজিত ফরমে স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ ত্রৈমাসিক বিবরণী প্রেরণের দিক নির্দেশনা মোতাবেক ব্যাংকসমূহ ০১ এপ্রিল ২০১৫ -৩০ জুন ২০১৫ তারিখ ভিত্তিক স্কুল ব্যাংকিং কার্যক্রমের হালনাগাদ তথ্য প্রেরণ করেছে।


ব্যাংকসমূহের প্রদত্ত তথ্য মোতাবেক ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত সর্বমোট ৯,০৪,৬৫২ টি স্কুল ব্যাংকিং হিসাব খোলা হয়েছে। উক্ত হিসাবসমূহের বিপরীতে মোট জমা হয়েছে ৬৮৭.৯৯ কোটি (ছয়শত সাতাশি কোটি নিরানব্বই লক্ষ) টাকা। বাংলাদেশে কার্যরত ৫৬টি তফসিলী ব্যাংকের মধ্যে ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত মোট ৫৩ টি ব্যাংক স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করছে। উক্ত ব্যাংকসমূহ হতে প্রাপ্ত ত্রৈমাসিক স্কুল ব্যাংকিং হিসাবের তুলনামূলক বিবরণ নিম্নে তুলে ধরা হলো :

**ছক-১ঃ ৩০ জুন ২০১৫ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা ব্যাংক হিসাবের বিস্তারিত তথ্যঃ**

মোট হিসাব	মোট স্থিতি (কোটি টাকায়)	হিসাব সংখ্যা		চলতি ত্রৈমাসিকে জমা (কোটি টাকায়)	চলতি ত্রৈমাসিকে উত্তোলন (কোটি টাকায়)
		পল্লী শাখা	শহর শাখা		
৯,০৪,৬৫২	৬৮৭.৯৯	৩৯২৩৪৬	৫১২২১৬	৩১২.৩৮০	২৩৭.০৯

**ছক-২ঃ ৩১ মার্চ ২০১৫ ও ৩০ জুন ২০১৫ ভিত্তিক স্কুল ব্যাংকিং এর আওতায় খোলা হিসাবের ব্যাংকওয়ারি তথ্যঃ**

ব্যাংকসমূহ	হিসাব সংখ্যা		হিসাব সংখ্যা বৃদ্ধি
	মার্চ ৩১, ১৫	জুন ৩০, ১৫	
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	১৭৫,১৫৫	২০৬৮৫৬	৩১,৭০১
বিশেষায়িত ব্যাংক	১৩৬,০৬০	১৩৯৭৮০	৩,৭২০
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	৫৭৩,৬০৮	৫৫৬২৩৩	১৭,৩৭৫
বিদেশী বাণিজ্যিক ব্যাংক	১,৪৫৪	১২২৪	২৩০
সর্বমোট	৮৮৬,২৭৭	৯,০৪,৬৫২	১৭,৮১৬



ছক-২ এর তথ্য অনুসারে স্কুল ব্যাংকিং এর আওতায় ৩১ মার্চ ২০১৪ পর্যন্ত ৫৬টি ব্যাংকের মধ্যে ৫২টি ব্যাংকে খোলা হিসাবের সংখ্যা ছিল প্রায় ৮.৮৬ লক্ষ। অন্যদিকে, ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত ৫৩ টি ব্যাংকে হিসাবের সংখ্যা ১৭,৮১৬ টি বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে প্রায় ৯.০৪ লক্ষ। ০৯টি বিদেশী ব্যাংকের মধ্যে ০৮ টি ব্যাংক (সিটিব্যাংক এন.এ ব্যতীত) স্কুল ব্যাংকিং হিসাব পরিচালনা করছে। বিদেশী ব্যাংকগুলোয় খোলা স্কুল ব্যাংকিং হিসাব সংখ্যা ১,২২৪টি।

## ফাইন্যান্সিয়াল ইনকুশন ডিপার্টমেন্ট

ছক-৩ঃ মার্চ, ২০১৪ ও জুন, ২০১৫ ভিত্তিক খোলা হিসাবে স্থিতির ভিত্তিতে ব্যাংকসমূহের তুলনামূলক চিত্রঃ

ব্যাংকসমূহ	৩১ মার্চ ২০১৫ পর্যন্ত স্থিতি	৩০ জুন ২০১৫ পর্যন্ত স্থিতি
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক	২৫১.৩৩	৩৩.৭৪
বিশেষায়িত ব্যাংক	১৬.৩৯	২০.৭৩
বেসরকারী বাণিজ্যিক ব্যাংক	৫৫৩.২৪	৬৩২.০৯
বিদেশী বাণিজ্যিক ব্যাংক	২.০৮	১.৪৩
সর্বমোট	৮২৩.০৪	৬৮৭.৯৯

৩ নং ছকের তথ্যানুসারে স্কুল ব্যাংকিং এর আওতায় ৩০ মার্চ ২০১৫ তারিখ পর্যন্ত ৫৬ টি তফসিলভুক্ত ব্যাংকের মধ্যে ৫২টি ব্যাংকে মোট স্থিতি ছিল প্রায় ৮২৩.০৪ কোটি টাকা এবং ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত ৫৩ টি ব্যাংকের স্থিতি প্রায় ৬৮৭.৯৯ (ছয়শত সাতাশি কোটি নিরানব্বই লক্ষ) টাকা।

ছক-৪ঃ ৩০ জুন ২০১৫ ভিত্তিক শীর্ষ পাঁচ ব্যাংকের হিসাব ও টাকার স্থিতির হালনাগাদ তথ্যঃ

শীর্ষ পাঁচ ব্যাংকের হিসাব সংখ্যা				শীর্ষ পাঁচ ব্যাংকের স্থিতি			
ক্রম	ব্যাংকের নাম	হিসাব সংখ্যা	মোট হিসাবের শতকরা হার (%)	ক্রম	ব্যাংকের নাম	স্থিতি (কোটি টাকায়)	মোট স্থিতির শতকরা হার (%)
১	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	১৭৫,৯৩২	১৯.৪৪%	১	ডাচ-বাংলা ব্যাংক লিঃ	২২৩.৭৬	৩২.৫২%
২	অগ্রণী ব্যাংক লিমিটেড	৯৬,৩২০	১০.৬৪%	২	ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ	৭৫.৯১	১১.০৩%
৩	রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক	৯৫,০৬৩	১০.৫১%	৩	ইস্টার্ন ব্যাংক লিঃ	৬৫.৬০	৯.৫৩%
৪	ডাচ-বাংলা ব্যাংক লিঃ	৭১,৯৫৬	৭.৯৫%	৪	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিঃ	৪৬.৩৬	৬.৭৪%
৫	উত্তরা ব্যাংক লিমিটেড	৭০,০৫১	৭.৭৪%	৫	ব্র্যাক ব্যাংক লিঃ	৩৬.১৪	৫.২৫%

**স্কুল ব্যাংকিং বিষয়ে ব্যাংকসমূহের সার্বিক মূল্যায়ন :**

স্কুল ব্যাংকিং এর আওতায় ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত মোট ৫৩ টি ব্যাংকের মাধ্যমে পল্লী এবং শহর এলাকায় হিসাব খোলা হয়েছে। বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর হিসাব সংখ্যা প্রায় ৫.৫৮ লক্ষ (যা মোট হিসাব ৯.০৪ লক্ষ এর ৬১.৬৮%) এবং স্থিতি প্রায় ৬৩৩.৫২ কোটি টাকা (যা মোট স্থিতি ৬৮৭.৯৯ কোটি টাকার ৯২.০৮%)। সুতরাং দেখা যাচ্ছে স্কুল ব্যাংকিং এর আওতায় বেসরকারী বাণিজ্যিক ব্যাংকগুলোর খোলা হিসাব সংখ্যা এবং মোট স্থিতি অন্যান্য শ্রেণির ব্যাংকের হিসাব সংখ্যা এবং মোট স্থিতির তুলনায় সর্বোচ্চ অবস্থানে আছে।

স্কুল ব্যাংকিং হিসাবে জমা ও উত্তোলনঃ চলতি ত্রৈমাসিকে ব্যাংকগুলোতে এসব হিসাবে প্রায় ৩১২.৩৮ কোটি টাকা জমা হয়েছে এবং প্রায় ২৩৭.০৯ কোটি টাকা হিসাবসমূহ হতে উত্তোলন করা হয়েছে। সুতরাং ৩১ মার্চ ২০১৫ ত্রৈমাসিক এবং চলতি ত্রৈমাসিকসহ স্কুল ব্যাংকিং হিসাবসমূহের মোট পুঞ্জীভূত স্থিতির পরিমাণ দাঁড়ায় প্রায় ৬৮৭.৯৮ কোটি টাকা।

সর্বোচ্চ হিসাব ও স্থিতির ভিত্তিতে শীর্ষ ব্যাংকঃ ৩০ জুন ২০১৫ তারিখ পর্যন্ত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ সর্বোচ্চ সংখ্যক অর্থাৎ ১,৭৫,৯৩২ টি হিসাব খুলেছে যা মোট হিসাবের ১৯.৪৪% এবং ডাচ-বাংলা ব্যাংক লিমিটেড স্থিতির ভিত্তিতে শীর্ষে (প্রায় ২২৩.৭৬ কোটি টাকা যা মোট স্থিতির ৩২.৫২%) অবস্থান করছে।



ব্যাংকসমূহে পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবা প্রদানের  
৩০ জুন ২০১৫ ভিত্তিক ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন।

পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবার আওতায় এনে তাদের উপার্জিত অর্থের নিরাপদ সঞ্চয়ের সুযোগ সৃষ্টি করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক হতে ০৯ মার্চ ২০১৪ তারিখে বিআরপিডি সার্কুলার নং-০৫ এর মাধ্যমে ব্যাংকসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত সার্কুলারে পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের হিসাবসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে মোট জমা এবং উত্তোলনের বিবরণী সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক পরবর্তী মাসের ৩য় সপ্তাহের মধ্যে বাংলাদেশ ব্যাংকে প্রেরণের জন্যও নির্দেশনা প্রদান করা হয়। সার্কুলার এর নির্দেশনা অনুযায়ী ব্যাংকসমূহ বিভিন্ন NGO এর আবেদনের প্রেক্ষিতে পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের জন্য ব্যাংকিং কার্যক্রম গ্রহণ করে এবং বাংলাদেশ ব্যাংকে উক্ত হিসাবসমূহের বিবরণী প্রেরণ করে। তবে পরবর্তীতে উক্ত সার্কুলারের ১ নং ক্রমিকে বর্ণিত নির্দেশনায় কিছু পরিবর্তন এনে ১২ ফেব্রুয়ারি ২০১৫ তারিখে জিবিএসআরডি সার্কুলার লেটার নং-০২ জারি করা হয়। উক্ত সার্কুলার লেটারের নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণকারী ব্যাংকসমূহ হতে পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের জন্য ব্যাংক হিসাবের ৩০ জুন ২০১৫ ভিত্তিক ত্রৈমাসিক বিবরণী প্রেরণ করা হয়েছে।

ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে ৩০ জুন ২০১৫ ভিত্তিক পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংক হিসাবের হালনাগাদ তথ্য নিম্নের ছকে তুলে ধরা হলোঃ

ব্যাংকের নাম	সংশ্লিষ্ট NGOর নাম	চলতি ত্রৈমাসিকে খোলা হিসাব সংখ্যা	৩০ জুন ২০১৫ পর্যন্ত মোট পঞ্জীভূত হিসাব সংখ্যা	৩০ জুন ২০১৫ পর্যন্ত মোট স্থিতি (কোটি টাকায়)
রূপালী ব্যাংক লিমিটেড	মাসাস, সাফ	৯২	৯০০	০.০৬১৩
অগ্রণী ব্যাংক লিমিটেড	উদ্দীপন	২৭	৩০০	.০০৩
বাংলাদেশ কৃষি ব্যাংক	উদ্দীপন	০	১৩৫	০.০১৬
পূবালী ব্যাংক লিমিটেড	অপরাজেয় বাংলাদেশ, ব্র্যাক, নারী মৈত্রী	৮২	৫১১	০.০৭১৭৬
ন্যাশনাল ব্যাংক লিমিটেড	সিপিডি	০	১৯	০.০০১৪১৩
দি সিটি ব্যাংক লিমিটেড	প্রদীপন	৮	১৩১	০.০৯৮৮২
ওয়ান ব্যাংক লিমিটেড	সাজিদা ফাউন্ডেশন	০	২২৪	০.০১১২৯
মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড	অপরাজেয় বাংলাদেশ	৭৯	১১৩	০.০০৬০৭৯১
মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড	এএসডি	০	৩৪	০.০০০০৯৫
ব্যাংক এশিয়া লিমিটেড	প্রদীপন	১৩	১২৩	০.০১৬২৫৪
আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ	এএসডি	৩৮	৩৮	০.০০০০৫৮
ট্রাস্ট ব্যাংক লিমিটেড	মাসাস	৯৫	২৫৩	.০০৩৮৯
<b>মোট (১২ টি ব্যাংক)</b>	<b>১০ টি NGO</b>	<b>৪৬২</b>	<b>২৭৮১</b>	<b>০.২০২৪৭১১</b>

**পর্যালোচনাঃ**

উপর্যুক্ত ছক এর তথ্য অনুযায়ী পথশিশু ও কর্মজীবী শিশু/কিশোরদের ব্যাংকিং সেবা প্রদানের ক্ষেত্রে ৩০ জুন ২০১৫ পর্যন্ত ১২টি ব্যাংক ও ১০ টি NGO (মাসাস, সাফ, উদ্দীপন, অপরাজেয় বাংলাদেশ, ব্র্যাক, নারী মৈত্রী, সিপিডি, প্রদীপন, সাজিদা ফাউন্ডেশন, এএসডি) এর মাধ্যমে এ হিসাব কার্যক্রম পরিচালনা করছে।

৩০ জুন ২০১৫ পর্যন্ত ১২টি ব্যাংক (রূপালী ব্যাংক লিঃ, অগ্রণী ব্যাংক লিমিটেড, বাংলাদেশ কৃষি ব্যাংক, পূবালী ব্যাংক লিঃ, দি সিটি ব্যাংক লিঃ, ওয়ান ব্যাংক লিঃ, মার্কেন্টাইল ব্যাংক লিঃ, ব্যাংক এশিয়া লিঃ, ন্যাশনাল ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিমিটেড, আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিঃ এবং মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিঃ) ১০টি NGOর সহায়তায় পথশিশু ও কর্মজীবী শিশু-কিশোরদের মোট ২৭৮১ টি হিসাব খুলেছে যার বিপরীতে মোট স্থিতির পরিমাণ প্রায় ০.২০২৪৭১১কোটি (বিশ লক্ষ ) টাকা।

৩০ জুন ২০১৫ পর্যন্ত পূবালী ব্যাংক লিঃ ৫১১ টি হিসাবের বিপরীতে ০.০৭১৭ কোটি (সাত লক্ষ এক হাজার) টাকা জমা করে শীর্ষে অবস্থানে রয়েছে।

রূপালী ব্যাংক লিঃ সর্বোচ্চ ৯০০ টি হিসাব খুলেছে এবং স্থিতির ভিত্তিতে ব্যাংকটি প্রায় ৮০.০৬১৩ কোটি (প্রায় ছয় লক্ষ তের হাজার) টাকা জমা করে দ্বিতীয় অবস্থানে রয়েছে।